# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৪১

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যাকাত দিতে অস্বীকৃতি জ্ঞাপনকারী ও হিজরতের পর কোন বেদুঈন মুরতাদের প্রতি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অভিসম্পাত

ذِكْرُ لَعْنِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُمْتَنِعَ عَنْ إِعْطَاءِ الصَّدَقَةِ وَالْمُرْتَدَّ أَعْرَابِيًّا بَعْدَ الهجرة

---

আরবী

3241 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ الْعَبْدِيُّ قَالَ: أَخْبَرَنَا سُفْيَانُ الثَّوْرِيُّ عَنِ الْأَعْمَشِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُرَّةَ عَنِ الْحَارِثِ بْنِ عَبْدِ اللَّهِ: أَنَّ ابْنَ مَسْعُودٍ قَالَ: آكِلُ الرِّبَا وَمُوكِلُهُ وَكَاتِبُهُ وَشَاهِدَاهُ إِذَا عَلِمُوا بِهِ وَالْوَاشِمَةُ وَالْمُسْتَوْشِمَةُ لِلحُسن وَلَاوِي الصَّدَقَةِ وَالْمُرْتَدُّ أَعْرَابِيًّا بَعْدَ هِجْرَتِهِ مَلْعُونُونَ عَلَى لِسَانِ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ القيامة

الراوي : ابْن مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3241 | خلاصة حكم المحدث: صحيح لغيره – ((التعليق الرغيب)) (3/ 49) , ((البيوع)).

বাংলা

৩২৪১. আব্দুল্লাহ বিন মাসঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “সুদ দাতা, সুদ গ্রহিতা, লেখক, সাক্ষী (যারা এ ব্যাপারে সাক্ষী দেয় অথচ জানে এটি সুদের লেনদেন) সৌন্দর্যের জন্য উল্কি অঙ্কনকারী, উল্কি গ্রহণকারী, যাকাত প্রদানে খেয়ানতকারী, হিজরতের পর মুরতাদ বেদুঈন- এসব ব্যক্তিরা কিয়ামতের দিন মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জবানিতে অভিশপ্ত হবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৪০৯; নাসাঈ: ৮/১৪৭; আবূ ইয়ালা: ৫২৪১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৫৩৫০; সহীহ ইবনু খুযাইমাহ: ২২৫০; হাকিম: ১/৩৮৭-৩৮৮; বাইহাকী: ৯/১৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৩/৪৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92572

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন